




# উন্নয়ন মেলা ২০১৭




**লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

- সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম  সর্বস্তরের জনগণের মাঝে তুলে ধরা;
- সর্বস্তরের জনগণকে সরকারের উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত করা;
- সরকারের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, এমডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার ও এসডিজি কার্যক্রম বাস্তবায়নে জনগণকে উদ্বুদ্ধ করা,
- স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবর্গ ও সরকারি কর্মকর্তাগনের যৌথ অংশগ্রহণে স্থানীয় সমস্যা স্বম্পর্কে মতবিনিময় ও বাস্তবায়ন পরিকল্পনা তৈরি;

**উপজেলার বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন অগ্রযাত্রা (২০০৮ থেকে ২০১৬):**

<table>
<tr><th colspan="3">বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন কার্যক্রমের তুলনামূলক বিবরনীর লেখচিত্র</th></tr>
<tr>
<td>
</td>
<td>
</td>
<td>মাতৃমৃত্যুর হার</td>
</tr>
<tr><td>শিশুমৃত্যুর হার</td><td>জন্ম হার</td><td>শিশুর সকল টিকার হার</td></tr>
<tr>
<td>
</td>
<td>
</td>
<td>
</td>
</tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>

**উল্লেখযোগ্য অর্জনঃ**

**উন্নয়ন মেলার কর্মসূচীঃ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে আগামী ৯, ১০ ও ১১ জানুয়ারী, ২০১৭ তারিখ মুন্সীগঞ্জ কালেক্টরেট মাঠ প্রাঙ্গনে উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। জেলা প্রশাসন এর সাথে একত্রিত হয়ে উপজেলা প্রশাসন উন্নয়ন মেলা উৎযাপন করবে। সকাল ১০.০০ টায় উদ্বোধনী শোভাযাত্রায় উপস্থিত থাকবেন, মাননীয় সংসদ সদস্য জনাব এডভোকেট মৃণাল কান্তি দাস এমপি, জনাব মহিউদ্দিন, চেয়ারম্যান, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ, জনাব শায়লা ফারজানা, জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ, জনাব মোঃ সায়েদুল আলম পি.পি.এম, পুলিশ সুপার, মুন্সীগঞ্জ, জনাব আনিছুউজ্জামান আনিছ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মুন্সীগঞ্জ ছাড়াও পৌর মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও আওয়ামীলীগের নেতৃবৃন্দ। উন্নয়ন মেলা উপলক্ষ্যে নিম্ন লিখিত কার্যক্রম অনুষ্ঠিত হবে।

ক) সকাল ১০ টায় উদ্বোধনী শোভাযাত্রা। কালেক্টরেট প্রাঙ্গন হতে র‌্যালী শুরু হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে দিয়ে জেলা শিল্পকলা একাডেমী প্রদক্ষিণ করে কালেক্টরেট মাঠা প্রাঙ্গন এসে সমাপ্ত হবে। র‌্যালীতে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল দপ্তর, সকল স্কুলের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ, বেসরকারী সংস্থা, বীর মুক্তিযোদ্ধা, রাজনীতিবিদ, গন্যমান্য ব্যক্তিবর্গসহ সর্ব স্তরের জনগন অংশগ্রহন করেব।

খ) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর মাঠ প্রাঙ্গনে প্রয়োজনীয় সংখ্যক স্টল নির্মাণ, বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগসহ ব্যানার, ফেস্টুন দিয়ে বর্ণিলভাবে সজ্জিত করণ।

খ) উদ্বোধনী দিনে স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থীসহ সকল সরকারি দপ্তর এবং সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে বর্ণাঢ্য শোভাযাত্রা (জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর কার্যালয় হতে কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে দিয়ে জেলা শিল্পকলা একাডেমী প্রদক্ষিণ করে কালেক্টরেট মাঠা প্রাঙ্গন মুন্সীগঞ্জ পর্যন্ত)।

গ) মেলায় অংশগ্রহণকারী স্ব স্ব বিভাগ তাদের উন্নয়ন কার্যক্রম এমনভাবে তুলে ধরবে যাতে জনগণ সরকারের উন্নয়ন সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ করতে পারে। এক্ষেত্রে মেলার স্টল সমূহে ভিডিও চিত্রের মাধ্যমে মাল্টিমিডিয়া প্রজেক্টরের সাহায্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০টি উদ্যোগ ও সাফল্যগাঁথা তুলে ধরা।

ঘ) মেলা চলাকালীন সময়ে স্কুল, কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০টি উদ্যোগ সংক্রান্ত রচনা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন।

ঙ) স্থানীয় কেবল নেটওয়ার্ক ও প্রিন্ট মিডিয়া এবং ইলেকট্রনিক মিডিয়াতে উন্নয়ন মেলার ব্যাপক প্রচার।

চ) তথ্য অধিদপ্তর, মুন্সীগঞ্জ কর্তৃক উন্মুক্ত স্থানে এতদসংক্রান্ত তিন দিনব্যাপী ভিডিও চিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শন।

ছ) মুক্তিযুদ্ধের চেতনা ভিত্তিক, উন্নয়ন এবং মুন্সীগঞ্জ অঞ্চলের লোকজ সংগীত, সমন্বয় সংক্রান্ত সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা। এ বিষয়ে জেলা কালচারাল অফিসার, শিল্পকলা একাডেমী, মুন্সীগঞ্জ/জেলা সংগঠক, বাংলাদেশ শিশু একাডেমী, মুন্সীগঞ্জ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন দর্শন বিষয়ে বিশেষ গান রচনাপূর্বক পরিবেশন।

জ) প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে রাত ০৮:০০ ঘটিকা পর্যন্ত মেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

তাছাড়া মেলায় স্থানীয় ঐতিহ্যের ধারক তাঁত শিল্প প্রদর্শনী, পিঠা, বাঁশ-বেতের তৈরি সামগ্রী প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| তারিখ | সময় | অনুষ্ঠানসূচী | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| 09-11-2017 | সকাল ১০.০০ ঘটিকা | উদ্বোধনী শোভাযাত্রা | কালেক্টরেট প্রাঙ্গন হতে শুরু | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বিকাল ০৩.০০ ঘটিকা | মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মেলার উদ্বোধন করবেন। | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বিকাল ০৪.০০ ঘটিকা | আলাচনা সভা | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সন্ধা ০৬.০০ ঘটিকা | সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‌্যাফেল ড্র | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১০-০১-২০১৭ | সকাল ১০ ঘটিকা | বিতর্ক প্রতিযোগীতা (মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | দুপুর ১২.০০ ঘটিকা | কুইজ প্রতিযোগীতা (মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বিকাল ০৩.০০ ঘটিকা | উপস্থিত বক্তৃতা (মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বিকাল ০৪.০০ ঘটিকা | বঙ্গবন্ধুর ০৭ই মার্চের ভাষনের উপর বক্তৃতা প্রতিযোগিতা (মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সন্ধা ০৬.৩০ ঘটিকা | বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষে ডকুমেন্টারী প্রদর্শন, পিঠা উৎসব, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‌্যাফেল ড্র | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি ও জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ। |
| ১১-০১-২০১৭ | সকাল ১০.০০ ঘটিকা | বিতর্ক প্রতিযোগীতা (উচ্ছ মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | দুপুর ১২.০০ ঘটিকা | কুইজ প্রতিযোগীতা (উচ্ছ মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বিকাল ০৩.০০ ঘটিকা | উপস্থিত বক্তৃতা (উচ্ছ মাধ্যমিক পর্যায়) | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সন্ধা ০৬.০০ ঘটিকা | আলোচনা সভা ও পুরস্কার বিতরনী | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সন্ধা ০৭.৩০ ঘটিকা | সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‌্যাফেল ড্র | উন্নয়ন মেলা প্রাঙ্গন | সংশ্লিষ্ট উপ-কমিটি |